

রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা

১৩৪৮

বিষয়: ২০২১-২০২২ সালের কর্মপরিকল্পনা মোতাবেক নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব সম্পদ বড়ুয়া
সচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
সভার সময় ও তারিখ : ০৭ অক্টোবর ২০২১ বেলা ০৩:০০ টা।
স্থান/পদ্ধতি : অনলাইন পদ্ধতিতে জুম প্রাটফর্মে অনুষ্ঠিত।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপসচিব (প্রশাসন) বলেন যে, চলতি অর্থ বছরের নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভা আজ অনুষ্ঠিত হচ্ছে। চলতি অর্থ বছরের কর্ম পরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। এরপর তিনি চলতি ২০২১-২০২২ সালের কর্ম পরিকল্পনার কার্যক্রমভিত্তিক বিবরণ নিম্নরূপে উপস্থাপন করেন। এসবের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনার প্রেক্ষিতে ৩ নম্বর কলামে উল্লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা			
১.১। নৈতিকতা কমিটির সভা	২০২১-২০২২ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ভিত্তিতে ০৭/১০/২০২১ তারিখ ১ম কোয়ার্টারের সভা অনুষ্ঠিত হয়।	প্রতি কোয়ার্টার শেষ হওয়ার কয়েকদিন আগেই এ সভা আহ্বান করতে হবে এবং পরবর্তী কোয়ার্টারের শুরুতেই ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুজ্ঞ অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি	কর্মপরিবেশ উন্নয়নে প্রণীত স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সকল কর্মকর্তা-কর্মচারীদের সচেতন করা হয়েছে। তাদেরকে মাস্ক, সেনিটাইজার বিতরণ করা হচ্ছে। এছাড়া অকেজো মালামাল নিয়মিত বিনষ্ট করার পরামর্শ প্রদান করা হয়।	করোনাকালে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে এবং কর্মস্থল পরিচ্ছন্ন রাখতে হবে। সকলকে মাস্ক, সেনিটাইজার ইত্যাদি সরবরাহ অব্যাহত রাখতে হবে।	সেবা শাখা
১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হয়।	প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পর ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে।	আইসিটি শাখা
২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন			
২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	প্রণীত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে দৃশ্যমান রাখতে হবে।	সেবা শাখা ও আইসিটি শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.....			
৩.৩ শাখাসমূহ পরিদর্শন	এ পর্যন্ত মোট ২ টি শাখা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে।	প্রত্যেকটি পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাসম্ভব দ্রুত বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.৪ শূন্য পদ পূরণ	জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিভাগের সরাসরি জনবল নিয়োগের বিজ্ঞাপন দেয়া হয়েছে। কিন্তু করোনা পরিস্থিতির কারণে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের বিষয়টি পর্যবেক্ষণ করা হচ্ছে। করোনা পরিস্থিতির উন্নতি হলে লিখিত পরীক্ষা নেয়া যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	করোনা পরিস্থিতির উন্নতি হলে জনবল নিয়োগের জন্য লিখিত পরীক্ষা গ্রহণসহ অন্যান্য কার্যক্রম শুরু করতে হবে।	প্রশাসন শাখা

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সম্পদ কন্ট্রোল)
সভাপতি
নৈতিকতা কমিটি
ও
সচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
বঙ্গভবন, ঢাকা।